মেহেরপুরে বিএনপি’র নবনির্বাচিত সাধারণ সম্পাদককে সংবর্ধনা

মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের ৭নং ওয়ার্ড বিএনপি’র আয়োজনে সদর উপজেলা বিএনপি’র নব-নির্বাচিত সাধারণ সম্পাদক সাহিদুল ইসলামকে সংবর্ধনা দেওয়া হয়েছে।

গতকাল বুধবার রাত ৮টার দিকে শ্যামপুর ইউনিয়নের ৭নং ওয়ার্ডের বেলতলাপাড়ায় এ সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, শ্যামপুর ইউনিয়ন বিএনপি’র ৭নং ওয়ার্ড সভাপতি আব্দুস সামাদ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সদর উপজেলা বিএনপি’র নবনির্বাচিত সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সদর উপজেলা বিএনপি’র নবনির্বাচিত সাংগঠনিক সম্পাদক সোহরাব হোসেন, হামিদ খান গাজু, শ্যামপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি তোফাজ্জল হোসেন ও সিনিয়র সহ-সভাপতি আবুল খয়ের।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ইলিয়াস হোসেন। এ সময় আরো উপস্থিত ছিলেন, জেলা যুবদলের সহ-সভাপতি মোশারেফ হোসেন তপু, সদস্য মেহেদী হাসান রোলেক্স, কুতুবপুর ইউনিয়নের ৮নং ওয়ার্ড বিএনপি’র সভাপতি সাইদুল হাসান খান কেনেডি, পৌর যুবদল নেতা রিপন, মিঠনসহ বিএনপি ও সহযোগী সংগঠনের বিপুল সংখ্যক নেতাকর্মী।

অনুষ্ঠানে বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার রোগমুক্তি ও সুস্থতা কামনায় বিশেষ দোয়া করা হয়।

মেহেরপুর জেলা বিএনপির নতুন কমিটির নেতৃবৃন্দের গণসংযোগ

মেহেরপুর জেলা বিএনপির নতুন কমিটির সদস্য সচিব এডভোকেট কামরুল ইসলাম ও যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলামের নেতৃত্বে বুড়িপোতা ইউনিয়নে একটি বিশাল গণসংযোগ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

আজ বুধবার (১৮ ডিসেম্বর) বিকেল ৩ টার দিকে বুড়িপোতা ইউনিয়নের বাড়িবাঁকা গ্রামের এ গণসংযোগ কার্যক্রম শুরু করেন তারা। পরে শালিকা, বাজেতপুর, হরিরামপুর, ঝাঁঝা, কানদেবপুর ও গোভীপুর গ্রামে গণসংযোগ অনুষ্ঠিত হয়।

নেতৃত্বস্থানীয়দের সাথে স্থানীয় নেতাকর্মী ও সমর্থকরা গণসংযোগে অংশ নেন এবং জেলা বিএনপির নব নির্বাচিত সদস্য সচিব কামরুল ইসলাম ও যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলামকে ফুলের শুভেচ্ছা দেন।

এসময় এডভোকেট কামরুল ইসলাম বলেন, হাসিনা সরকারের আমলে জনগণ শান্তিতে ঘুমাতে পারেনি। অনেক মায়ের বুক খালি করে দিয়েছে এই শাসন। আমরা মনে করি, এই অন্যায়ের সঠিক বিচার হওয়া উচিত। তারেক রহমানের নির্দেশে আমরা ঐক্যবদ্ধ হয়ে কাজ করছি, কারণ হাসিনা সরকার জনগণের ভোটের অধিকার কেড়ে নিয়েছিল।

আমরা একটি শান্তিপূর্ণ ভোটের পরিবেশ চাই, যেখানে জনগণ নির্ভয়ে ভোটকেন্দ্রে গিয়ে ধানের শীষে ভোট দিতে পারবে। একটি উন্নত ও সুন্দর বাংলাদেশ গড়তে আমাদের ঐক্যবদ্ধভাবে কাজ করে যেতে হবে। জনগণের অধিকার প্রতিষ্ঠার লড়াইয়ে আমরা অটল থাকব।

এছাড়াও তিনি জনগণের মতামত শোনার পাশাপাশি তাদের সমস্যা ও প্রত্যাশা নিয়ে কথা বলেন।
এসময় মোঃ মিজানুর রহমান, মোঃ ওমর ফারুক, মোঃ লতিব বিশ্বাস, মোঃ মহিউদ্দিন, আব্দুল মান্নান, মোহাম্মদ ফরিদ বিশ্বাসসহ ইউনিয়ন বিএনপি ও ওয়ার্ড বিএনপি’র অন্যান্য নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

ঝিনাইদহ প্রেসক্লাবের নব-নির্বাচিত দুই প্রতিনিধিকে সংর্বধনা প্রদান

ঝিনাইদহ সদর উপজেলা শিক্ষক- কর্মচারী ক্রেডিট কো-আপারেটিভ লি: এর পক্ষ থেকে ঝিনাইদহ প্রেসক্লাবের পুন: নির্বাচিত সহ সাধারণ সম্পাদক সহকারী অধ্যাপক খুরশিদ মোহাম্মদ সালেহ এবং ঝিনাইদহ প্রেসক্লাবের নব নির্বাচিত দপ্তর সম্পাদক প্রভাষক মো: শাহানুর আলমকে সংর্বধনা ও ফুলেল শুভেচ্ছা প্রদান করা হয়।

আজ সোমাবার বিকালে ঝিনাইদহ সদর উপজেলা শিক্ষক- কর্মচারী ক্রেডিট কো-আপারেটিভ লি: এর অফিস কক্ষে এই সংবর্ধনা প্রদান করা হয়।

এসময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা শিক্ষক- কর্মচারী ক্রেডিট কো-আপারেটিভ লি: (ক্লাব) এর সভাপতি প্রধান শিক্ষক আলমগীর হোসেন, উপজেলা ম্যানেজার হারুনর রশীদ, শিক্ষক নেতা কামরুল ইসলাম, রাহিজুল ইসলাম, অফিস সহকারী আজম খানসহ কাল্ব পরিবারের অন্যান্য সদস্যবৃন্দ।